

## একাদশ শ্রেণীতে ভর্তিতে বোর্ডের মেধা তালিকা মানছে না কলেজগুলো

### ■ ইত্তেফাক রিপোর্ট

অনলাইনে আবেদন করা নিয়ে অভিভাবকরা সন্তোষ প্রকাশ করছেন। তবে ভর্তি নিয়ে অভিভাবকদের অসন্তোষের শেষ নেই। ঢাকার হকিফিস, রাইফেলস পাবলিক, রেসিডেন্সিয়ালি মডেল, রাজউক উত্তরা মডেলসহ বিভিন্ন কলেজে ভর্তি প্রার্থীদের অভিভাবকদের অভিযোগ, কলেজগুলো বোর্ডের মেধাতালিকা অনুযায়ী ভর্তি করছে না। ঢাকা শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক ড. শ্রীকান্ত কুমার চন্দ্র চন্দ্র সাব্বাদিকদের জানান, অনলাইনে ফলাফল অনুযায়ী ভর্তি করা হচ্ছে কিনা, তা তারা মনিটর করবেন।

সারাদেশে অনলাইনে ভর্তি নেয়া ৩৮৯টি কলেজে অনলাইনে ভর্তির আবেদন পড়েছে মোট ৬ লাখ ৯৭ হাজার ৭০৫টি। এরমধ্যে সবচেয়ে বেশি ২০ হাজার ৬৮টি আবেদন পড়েছে রাজউক উত্তরা মডেল স্কুল অ্যান্ড কলেজে। দ্বিতীয় অবস্থানে ঢাকা সিটি কলেজে আবেদন পড়েছে ১৭ হাজার ৩৯০টি, তৃতীয় অবস্থানে নটর ডেম কলেজের ফল স্থগিত। চতুর্থ স্থানে রেসিডেন্সিয়াল মডেল স্কুল অ্যান্ড কলেজে ১২ হাজার ৭০২, বিএএফ শাহীন স্কুল অ্যান্ড কলেজে ১১ হাজার ৪৬১টি, ঢাকা কলেজে ৮ হাজার ৭৭৯টি, ডিকারুন নিসা নুন স্কুল এন্ড কলেজে ৮ হাজার ৫৫৪টি, মতিখিল আইডিয়াল স্কুল

অ্যান্ড কলেজে ৮ হাজার ১৮১টি, মাইলস্টোন কলেজে ৮ হাজার ৯৭৮টি এবং ক্যাম্পট্রিয়ান কলেজে আবেদন পড়েছে তিন হাজার ৮৪১টি।

নটর ডেম কলেজে ভর্তি নিয়ে সংকেট

একাদশ শ্রেণীতে ছাত্র ভর্তি নিয়ে সংকেট পড়েছে রাজধানীর নটর ডেম কলেজ। আদালতের এক আদেশ বলে তারা সোমবার নিজেদের মতো করে শিক্ষার্থী ভর্তির আবেদনপত্র বিতরণ শুরু করেছে। বিপরীত দিকে ঢাকা শিক্ষা বোর্ডও আদালতের ওই আদেশের বিপক্ষে আপিল করতে যাচ্ছে। ফলে ছাত্র ভর্তি, তাদের রেকর্ডেশনসহ অন্যান্য বিষয়ে নটর ডেম কলেজ এক প্রকার সংকেটে পড়তে পারে বলে আশংকা করা হচ্ছে।

গতকাল সোমবার বিকাল ৩টায় ফরম হস্তান্তর করা থাকলেও ভোরেই হাজার হাজার শিক্ষার্থী-অভিভাবক কলেজ গেটে জমা হয়। শিক্ষার্থীদের আবেদন ফরম কেনার জন্য দায়িনে দাঁড়িয়ে যায়। সকাল ৮টায় দায়িন পৌঁছে যায় মতিখিলের শাশলা চত্বর ঘোড়ে। উল্লভ পরিস্থিতিতে বিকালের পরিবর্তে বেলা ১১টায় ফরম বিতরণ শুরু করতে বাধ্য হয় কলেজ কর্তৃপক্ষ। এদিকে নটর ডেম কলেজের এই ফরম বিতরণ সম্পর্কে ঢাকা শিক্ষা বোর্ড কিছুই জানে না।